

বঙ্গার্থ : (ঝ) রসের উদাহরণ যথা — “শূন্যং বাসগৃহং” ইত্যাদি ; এখানে বিবাহিত দম্পতীর বর্ণনা করা হয়েছে — অর্থাৎ ঘর নির্জন দেখে বিছানা থেকে উঠে পতির মুখটি অনেকক্ষণ দেখে কপট নিমিত্ত প্রিয়তমকে চুম্বন করল। তখন তার কপালে পুলক দেখে নায়িকা তাকে জাগ্রত বুঝে লজ্জায় মুখ নীচু করলে প্রিয়তম বহুক্ষণ ধরে উৎফুল্লচিত্তে চুম্বন করলেন। এখানে সন্তোগশৃঙ্গার রূপ রসবত্তা থাকায় কাব্যত্ব হয়েছে।

ভাবো যথা —

মহাপাত্ররাঘবানন্দ-সাক্ষিবিগ্রহিকানাং —
 যস্যালীয়ত শঙ্কসীম্নি জলধিঃ, পৃষ্ঠে জগন্মণ্ডলম্
 দংষ্ট্রায়াং ধরণী, নখে দিতিসূতাধীশঃ পদে রোদসী ।
 ক্রোধে ক্ষত্রগণঃ, শরে দশমুখঃ, পানৌ প্রলম্বাসুরো
 ধ্যানে বিশ্বমসাবধার্মিককুলং কস্মৈচিদস্মৈ নমঃ ॥ (ঞ)

অত্র ভগবদ্বিষয়া রতিভাবঃ ।

বঙ্গার্থ : (ঞ) ভাবের উদাহরণ — (মহাপাত্র রাঘবানন্দ সাক্ষিবিগ্রহিকের রচনা) “যস্যালীয়তশঙ্কসীম্নি” ইত্যাদি। (এখানে বিষ্ণুর দশ অবতার রূপ বর্ণনা করা হয়েছে) অর্থাৎ — যার (মৎস্যরূপী) শরীরের আঁশের একভাগে সাগর পূর্ণ হয়েছিল, যিনি, (কূর্মরূপে) পৃষ্ঠে সমগ্র ব্রহ্মাণ্ড ধারণ করেছিলেন, যার (বরাহরূপে) দাঁতে পৃথিবী দ্বিধা হয়েছিল, যার নখে (নৃসিংহরূপে) দৈত্যধিপতি হিরণ্যকশিপু নিহত হন। যার (বামনরূপে) পদে দু্যলোক ও ভুলোক ভরে গিয়েছিল, যার (পরশুরামরূপে) ক্রোধে ক্ষত্রিয় বংশ নির্বংশ হয়েছিল, যার (রামরূপে) বাণে রাবণ ও হস্তে (কৃষ্ণরূপে) প্রলম্বাসুর বধ, যার ধ্যানে (বুদ্ধরূপে) বিশ্ব জয় এবং খড়্গে অধার্মিকের বিনাশ, সেই অলৌকিক তেজকে আমার প্রণাম। এখানে ভগবদ্বিষয়ক রতিভাবের সত্তা আছে বলে কাব্যত্ব হল।

(দেবাদি বিষয়ে রতি অথবা সঞ্চারী ভাব বিষয় হলে ভাব রস হবে।)

রসাভাসো যথা : —

মধু দ্বিরেফ কুসুমৈকপাত্রে
 পপৌ প্রিয়াং স্বামনুবর্তমানঃ ।
 শৃঙ্গেন চ স্পর্শ-নিমীলিতাক্ষীং
 মৃগীমকণ্ডুয়ত কৃষ্ণসারঃ ॥ (ট)

অত্র হি সন্তোগশৃঙ্গারস্য তির্য্যগ্ বিষয়াত্মাদ্ রসাভাসঃ ॥ এবমন্যাৎ ।

বঙ্গার্থ : (ট) রসাভাসের উদাহরণ। যথা — মধুদ্বিরেফ ইত্যাদি। কামাতুর ভ্রমর, ভ্রমরীর অনুসরণ করে একই পুষ্পরস পাত্রে মধু পান করেছে এবং স্পর্শসুখে নিমীলিতনয়না কৃষ্ণসার মৃগীকে মৃগ শৃঙ্গের দ্বারা মৃদু মৃদু ঘর্ষণ করেছে।

এখানে সন্তোগ শৃঙ্গার রস তির্যকপ্রাণিগত হওয়ায় রসাভাস আভাস হয়েছে এবং সেজন্য কাব্যত্ব অক্ষুণ্ণ আছে।

দোষস্বরূপঃ —

দোষাঃ পুনঃ কাব্যে কিং স্বরূপাঃ? ইত্যুচ্যন্তে — (ঠ)

দোষান্তস্যাপকর্ষকাঃ । ৪ ।

বঙ্গার্থঃ (ঠ) দোষগুলির স্বরূপ কিরূপ? উত্তরে বলা হয়েছে —

যেগুলি কাব্যের অপকর্ষ সৃষ্টি করে সেগুলিই দোষ । ৪ ।

শ্রুতিদুস্তাপুস্তার্থদ্বাদয়ঃ কাণ্ড্বখঞ্জদ্বাদয় ইব শব্দার্থদ্বারেণ দেহদ্বারেণেব ব্যভিচারভাবাদেঃ স্বশব্দবাচ্যদ্বাদয়ো মুখদ্বাদয় ইব সাক্ষাৎ কাব্যস্যাভূতং রসমপকর্ষয়ন্তঃ কাব্যস্যাপকর্ষকা উচ্যন্তে । এমাং বিশেষোদাহরণানি বক্ষ্যামঃ । (ড)

বঙ্গার্থঃ (ড) যেমন বধিরতা, খঞ্জত্ব প্রভৃতি শরীরের দোষগুলি দেহকে এবং মুখতা বা নিবুদ্ধিতা চিত্তকে আশ্রয় করে আত্মার হীনতা সম্পাদন করে, সেরূপ কাব্যের শ্রুতিকটুত্ব, অপুস্তার্থ ত্ব প্রভৃতি দোষ প্রথমে শব্দ তথা অর্থকে দূষিত করে কাব্যের আত্মভূত রসের অপকর্ষ বা হীনতা সূচিত করে । এদের বিশেষরূপে উদাহরণ পরে বলা হবে ।

গুণস্বরূপঃ —

গুণাদয়ঃ কিং স্বরূপাঃ? ইত্যুচ্যন্তে । (ঢ)

উৎকর্ষহেতবঃ প্রোক্তা গুণালংকার-রীতয়ঃ । ৫ ।

বঙ্গার্থঃ (ঢ) গুণগুলির স্বরূপ বা বৈশিষ্ট্য কি? সে সম্পর্কে বলা হয় যে,

গুণ, অলঙ্কার ও রীতি কাব্যের উৎকর্ষ বা শ্রেষ্ঠত্বের কারণ । ৫ ।

গুণাঃ শৌর্যাদিবৎ, অলংকারা কটককুণ্ডলাদিবৎ, রীতয়োহবয়সংস্থানবিশেষবৎ, দেহদ্বারেণ, শব্দার্থদ্বারেণ তসৌব কাব্যস্যাভূতং রসমুৎকর্ষয়ন্তঃ কাব্যস্যোৎকর্ষকাঃ উচ্যন্তে । ইহ যদ্যপি গুণানাং রসধর্মত্বং তথাপি গুণশব্দোহত্র গুণাভিব্যঞ্জক-শব্দার্থয়োরূপচর্যতে । অতশ্চ “গুণাভিব্যঞ্জকাঃ শব্দা রসস্যোৎকর্ষকাঃ” ইত্যুক্তং ভবতীতি প্রাগেবোক্তম্ । এমামপি বিশেষোদাহরণানি বক্ষ্যামঃ ॥ (ণ)

ইতি শ্রীমন্নারায়ণচরণারবিন্দমধুরতসাহিত্যার্ণবকর্ণধার-ধ্বনিপ্রস্থাপন পরমাচার্য কবি সৃষ্টিরদ্বাকরাষ্টাদশভাষাবারবিলাসিনী ভূজঙ্গসান্নিবিগ্রহিক মহাপাত্র শ্রীবিষ্ণুনাথ কবিরাজকৃতৌ সাহিত্যদর্পণে —

কাব্যস্বরূপনিরূপণং নাম প্রথমঃ পরিচ্ছেদঃ ॥

বঙ্গার্থঃ (ণ) (পূর্বে বলা হয়েছে) গুণ শৌর্য ও বীর্যের মত অলংকার অঙ্গ-আভরণের মত এবং রীতি দেহ-সৌষ্ঠবের মত । শৌর্য-বীর্য, অঙ্গ-আভরণ ও দেহ-সৌষ্ঠব যেমন দেহকে আশ্রয় করে দেহস্থিত আত্মার উৎকর্ষ সাধন করে সেইরূপ, গুণ, কাব্যের আত্মস্বরূপ অলংকার ও রীতি রসের উৎকর্ষ সাধন করে বলে কাব্যের উৎকর্ষ সাধক বলা হয় । এখন বিশেষভাবে জানা দরকার যে, গুণ রসের ধর্ম কিন্তু এখানে গুণ শব্দগুণের অভিব্যঞ্জক শব্দ তথা অর্থ রসের উৎকর্ষক হচ্ছে । এদেরও বিশেষ বিশেষ উদাহরণ পরে বলা হবে ।

কাব্যস্বরূপনিরূপণ নামক প্রথম পরিচ্ছেদ শেষ ।

REFERENCE :

1. BANDYOPADHYAY ASHOKE, SAHITYADARPANA(1-3),
SADESH,KOLKATA, 1411.

ACKNOWLEDGMENT :

This pdf is made for educational purpose of students and photo copies collected from the book of Sahityadarpana edited by Ashok Kumar Bandyopadhyay. Students are benefited by this pdf. We are thankful to the editor.

Debraj Mondal

Dept. of Sanskrit

Dinabandhu Mahavidyalaya, Bongaon